

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৬-২৭ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৬-২৭ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) কাজের ক্যালকুলেশন।
- (৫) প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংক-১ ও ২ এর জন্য মালামাল ক্রয় ও স্থাপন কাজের প্রাক্কলন।
- (৬) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of channel, checker sheet etc and related services for sedimentation tank-1 & 2 কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে অর্থাৎ মডুস জোনগুলোতে ১৭টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) ও নারিন্দায় ১টি কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশন(সিপিএস) রয়েছে। উক্ত এস.এল.এসগুলোসহ প্ল্যান্টের লিফট পাম্প, স্লাজ পাম্প, মেজারিং ডিস্ট্রিবিউশন চেম্বার, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইনের যাবতীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুস্বচ্ছভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে স্থাপিত পয়ঃ উত্তোলন কেন্দ্র হয়ে পয়ঃসমূহ ট্রাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশনের ইনলেট চেম্বারে জমা হয়। যা পরবর্তিতে নারিন্দা লিফটিং পাম্পের মাধ্যমে পাম্পিং করে ট্রাংক মেইন হয়ে পয়ঃসমূহ প্ল্যান্টের ইনলেট চেম্বারে জমা হয়। উক্ত পয়ঃসমূহ লিফট পাম্পের মাধ্যমে পাম্পিং করে গ্রিড চেম্বারের মাধ্যমে ডিস্ট্রিবিউশন চেম্বারে আসে। উক্ত ডিস্ট্রিবিউশন চেম্বারে প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংকের ৪টি ইনলেট গেট রয়েছে। উক্ত গেট গুলোর মাধ্যমে পয়ঃসমূহ ৪টি প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংকে প্রবেশ করে। প্রতিটি সেডিমেন্টেশন ট্যাংকে ১টি করে স্লাজ কালেক্টর রয়েছে। উক্ত স্লাজ কালেক্টর সেন্টার ড্রাইভেন অর্থাৎ গিয়ার মোটর সেটের মাধ্যমে সেডিমেন্টেশন ট্যাংকের চারদিকে ঘুরতে থাকে এবং পয়ঃসমূহের বিদ্যমান স্লাজ সেডিমেন্টেশন ট্যাংকের তলানীতে জমতে থাকে। যা পরবর্তিতে স্লাজ পাম্পের মাধ্যমে স্লাজ লেগুনে পাম্পিং করা হয়। উক্ত সেডিমেন্টেশন ট্যাংকে ৬০-৭০% পয়ঃ পরিশোধিত হয়। সেই কারনে সেডিমেন্টেশন ট্যাংকের গিয়ার মোটর সেট অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংকের গিয়ার মোটর সেট ট্যাংকের সেন্টার পয়েন্টে অবস্থিত। প্রতিনিয়ত সেডিমেন্টেশন ট্যাংকের গিয়ার মোটর সেট পরিদর্শন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করতে হয়। প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংকের গিয়ার মোটর সেট পরিদর্শন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য প্রতিটি ট্যাংকের উপরে ১টি করে সিডি ও ওয়ার্কওয়ে রয়েছে। বিদ্যমান সিডি ও ওয়ার্কওয়ে দীর্ঘদিন ধরে ব্যবহারে ফলে প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংক-১ ও ২ এর সিডি ও ওয়ার্কওয়ের চেকার প্লেট, চ্যানেল প্রভৃতি মরিচা পড়ে নষ্ট/ভেঙ্গে গিয়েছে। সেই কারনে প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংক-১ ও ২ এর গিয়ারবক্স, মোটর প্রভৃতি মেরামত ও রক্ষণাবেক্ষণসহ ক্লিনিং কাজ ব্যাহত হচ্ছে। ফলে প্লান্ট অপারেশনে সমস্যা দেখা দিচ্ছে। সেই কারনে প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংক-১ ও ২ এর সিডি ও ওয়ার্কওয়ের জন্য চেকার প্লেট, চ্যানেলসহ আনুষংগিক মালামাল ক্রয় ও স্থাপন করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Supply of channel, checker sheet etc and related services for sedimentation tank-1 & 2" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে টা:৪,৯৮,৬১৫.০০(চার লক্ষ আটানব্বই হাজার ছয়শত পনের) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৬-২৭ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-৪০; প্যাকেজ নং- WSG18 তে অন্তর্ভুক্ত আছে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৯০(১) অনুসরণে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি(আরএফকিউ, ই-জিপি) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। যার দরপত্র ডকুমেন্ট e-PG1 এ ফরমেটে করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Supply of channel, checker sheet etc and related services for sedimentation tank-1 & 2" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-


ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর বিধি ৯০(১) ধারা অনুসারে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি(আরএফকিউ, ই-জিপি) তে দরপত্র আহবান এর অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টা:৪,৯৮,৬১৫.০০(চার লক্ষ আটানব্বই হাজার ছয়শত পনের) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৬-২৭ অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের "পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়ঃশোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


০৭/০৭/২৬
সম্রাট মিয়া
উপ-নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


০৭.৭.২০২৬
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


০৭/০৭/২৬
সৈয়দ শাহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


০৭/০৭/২৬
SE(WSTP)

২৪/ অনুমোদিত /

০৭/০৭/২০২৬

XEN (PSTP)

(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।